(বাংলাদেশ সরকারি গেজেটে প্রকাশের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ১
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৬১.০৭.০০.০০০.১৩-২২৯ তারিখঃ- ০৭/১০/২০১৩ খ্রিঃ

প্রজ্ঞাপন

The Services (Reorganisation and Conditions) Act, 1975 (Act N0. XXXII of 1975) এর section ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নি প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকর্তা-কর্মচারী এবং সামরিক বাহিনীর সকল সদস্যকে অন্তরবর্তীকালীন ব্যবস্থা হিসেবে তাঁদের মূল বেতনের ২০(বিশ) শতাংশ হারে মাসিক সর্বনিম্ন ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং সর্বোচ্চ ৬,০০০/-(ছয় হাজার) টাকা মহার্ঘ ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এ মহার্ঘ ভাতা নিম্নরূপভাবে কার্যকর হবেঃ

(ক) অর্জিত ছুটি বা প্রাক-অবসর ছুটি (PRL)-তে থাকা কর্মকর্তা-কর্মচারীগণ ছুটি পূর্বকালীন সর্বশেষ প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উপরিউক্ত হারে মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;

(খ) ০১ জুলাই, ২০১৩ তারিখ হতে পরবর্তী নতুন জাতীয় বেতনস্কেল কার্যকর হওয়ার তারিখের পূর্ব দিন পর্যন্ত যে সকল কর্মকর্তা-কর্মচারী পেনশনে গমন করেছেন বা করবেন তাঁরা মূল বেতনের সাথে এ মহার্ঘভাতা যোগ করে পেনশন নির্ধারণের সুবিধা প্রাপ্য হবেন;

(গ) সাময়িক বরখাস্তকৃত কর্মকর্তা/কর্মচারীগণ সাময়িক বরখাস্তের তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর ২০% হারে এ মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;

(ঘ) সরকার হতে পেনশন গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীগণ পেনশনের বিদ্যমান অংশের উপর ২০% হারে মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;

(ঙ) এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীগণ একই হারে এ মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;

(চ) জাতীয় বেতনস্কেলের আওতায় চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে চুক্তি ভিত্তিক নিয়োজিত পদে নির্ধারিত মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, তিনি পেনশনভোগী হলে নীট পেনশন অথবা চুক্তি ভিত্তিক নিয়োজিত পদের মূল বেতনের ভিত্তিতে যে কোন এক ক্ষেত্রে এ মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন।

(ছ) বিনা বেতনে ছুটিতে (Leave without pay) থাকাকালীন কর্মকর্তা/ কর্মচারীগণ এ সুবিধা প্রাপ্য হবেন না; এবং

(জ) যে সকল অবসর গ্রহণকারী কর্মকর্তা/ কর্মচারী তাদের গ্রস পেনশনের ১০০% (একশত ভাগ) অর্থাৎ সম্পূর্ণ অংশ সমর্পণ করে এককালীন আনুতোষিক উত্তোলন করেছেন তাদের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না।

৩। সরকারের রাজস্ব বাজেট হতে প্রদত্ত অনুদানে পরিচালিত প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য স্বায়ত্বশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নি প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদেরকে এ মহার্ঘ ভাতা প্রদান বাবদ প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিজস্ব বাজেট হতে মিটাতে হবে।

৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০১ জুলাই, ২০১৩ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-
(মোঃ ইমদাদুল হক)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

চলমান পাতা/০২

downloaded from: http://roufmomen.blogspot.com

নং-০৭.০০.০০০০.১৬১.০৭.০০.০০০.১৩-২২৯/১(২০০) তারিখ ঃ- ০৭/১০/২০১৩ খ্রিঃ

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

৪. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব. ....................................................মন্ত্রণালয়/ বিভাগ (সকল )। তাঁর আওতাভুক্ত সকল দপ্তর /সংস্থা / আর্থিক প্রতিষ্ঠানসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৫. অতিরিক্ত সচিব ....................................................................(সকল), অর্থ বিভাগ।

৬. অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ।

৭. মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।

৮. হিসাব মহা-নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুন বাগিচা, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৯. যুগ্ম-সচিব....................................................................(সকল), অর্থ বিভাগ।

১০. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/ বরিশাল/ রংপুর বিভাগ। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা .......................................................(সকল মন্ত্রণালয়/ বিভাগ)।

১২. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

১৩. অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৭/১০/২০১৩
(জিনাত আরা)
উপ-সচিব
☎৯৫৪৯২৭৬

downloaded from: http://roufmomen.blogspot.com